পুতিনের কাছে কী বার্তা পাঠালেন মুজতাবা খামেনি?



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান উত্তেজনার মধ্যে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করেছেন ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদের প্রধান মোহসেন রেজায়ি। এ সময় ইরানের সর্বোচ্চ নেতা মুজতাবা খামেনির পাঠানো একটি বার্তা পুতিনের হাতে তুলে দেন তিনি।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) স্থানীয় সময় সন্ধ্যায় রাশিয়ার রাজধানী মস্কোতে এ বৈঠক অনুষ্ঠিত হয়। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম প্রেস টিভির বরাতে এ তথ্য জানিয়েছে আলজাজিরা।

মুজতাবা খামেনির প্রতিনিধি হিসেবে রাশিয়া সফর করেন রেজায়ি। তবে তাঁর পাঠানো বার্তায় কী বলা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত প্রকাশ করা হয়নি।

বৈঠকের একটি ভিডিও প্রকাশ করেছে ক্রেমলিন। এতে পুতিনের দুই সহযোগী অ্যাডমিরাল ইগর কস্তিউকভ ও ইউরি উশাকভসহ ইরানের কয়েকজন কর্মকর্তাকে দেখা যায়।

বৈঠকে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান উত্তেজনা নিয়েও আলোচনা হয়। এ সময় সংঘাতের অবসানে সহযোগিতা করার আগ্রহ প্রকাশ করেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

সূত্র: আলজাজিরা

LENS ASIA